

অক্টোবর ২০১৬ইং

নতুন ৬টি বিভাগ ও ১টি অনুষদ অনুমোদিত

বঙ্গবন্ধু শেখ মুজিব মেডিক্যাল বিশ্ববিদ্যালয়ে আরো ৬টি নতুন বিভাগ ও ১টি অনুষদ-এর অনুমোদন দিয়েছে অত্র বিশ্ববিদ্যালয়ের সিন্ডিকেট। গত ১ অক্টোবর ২০১৬ইং তারিখে অত্র বিশ্ববিদ্যালয়ের বি ব্লকের নীচতলায় ডা. মিল্টন হলে অনুষ্ঠিত বঙ্গবন্ধু শেখ মুজিব মেডিক্যাল বিশ্ববিদ্যালয়ের ৬৩তম সিন্ডিকেট সভায় একাডেমিক কাউন্সিলের সুপারিশের ভিত্তিতে এ অনুমোদন দেয়া হয়। বিভাগগুলো হলো- রেসপিরেটরি মেডিসিন, পেডিয়াট্রিক নিউরোলজি, প্যালিয়েটিভ কেয়ার মেডিসিন, প্যাডিয়াট্রিক কার্ডিওলজি, পেডোডনটিকস বিভাগ এবং মেডিসিন এডুকেশন গ্র্যান্ড বায়ো স্ট্যাটিসটিকস। এছাড়া অত্র বিশ্ববিদ্যালয়ের শিশু বিভাগগুলো নিয়ে চালু হচ্ছে শিশু অনুষদ।